# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬৩২৮ ফ্যাক্স : ০৮১-৭৬৪৩৮
ওয়েব : www.comillaboard.gov.bd


বিজ্ঞপ্তি নং ঃ ৭০/২০১৪ তারিখ ঃ ০৬ নভেম্বর ২০১৪

## এইচএসসি পরীক্ষা ২০১৫ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা-এর আওতাধীন অনুমোদিত সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, কুমিল্লা শিক্ষাবোর্ডের অধীনে ২০১৫ সালে অনুষ্ঠিতব্য উচ্চমাধ্যমিক (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক ছাত্র/ছাত্রীদের নির্বাচনী পরীক্ষা গ্রহণ, অনলাইনে ফরম পূরণ ও পরীক্ষার ফি জমা প্রদান ইত্যাদি সম্পর্কীয় সময়সূচী ও নিয়মাবলী নিচে উল্লেখ করা হলো।

১. **অনলাইনে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (probable List) প্রদর্শন ও ফরম পূরণ ঃ**

(ক) শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েব সাইটে (www.comillaboard.gov.bd) যথাসময়ে দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ১৫/১২/২০১৪ থেকে ২৪/১২/২০১৪ পর্যন্ত বিলম্ব ফি ছাড়া এবং ২৬/১২/২০১৪ থেকে ০৩/০১/২০১৫ পর্যন্ত বিলম্ব ফি সহ Online-এ ফরম পূরণের প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজ কর্তৃক যথাযথভাবে Online - এ ফরম পূরণের পর Download করে নির্ধারিত কলামে পরীক্ষার্থীদের স্বাক্ষর গ্রহণ করবেন এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। নিচে লিখিত নির্ধারিত তারিখ অনুযায়ী ফরম পূরণকৃত ছাত্র/ছাত্রীদের যাবতীয় ফি বাবদ ব্যাংক ড্রাফট বোর্ডের হিসাব শাখায় জমা দেয়ার পর জমা রসিদের ফটোকপি ও পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ ০১ সেট প্রিন্টকপি উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে এবং এক সেট কলেজের অফিসে সংরক্ষণ করতে হবে। উভয় শাখায় জমা দেয়ার সময় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষরিত ফরওয়াডিং জমা দিতে হবে।

(খ) প্রত্যেক প্রতিষ্ঠানকে বোর্ডের ওয়েব সাইটে গিয়ে probable List Download করে Download করা কপিতে লাল কালির কলম ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী Select করতে হবে। উক্ত হার্ডকপি probable List এ টিক চিহ্নিত পরীক্ষার্থীদের তথ্য ভালভাবে যাচাই বাছাই করে কম্পিউটারে প্রদর্শনকৃত probable List থেকে Select করতে হবে।

(গ) যে সকল পরীক্ষার্থী বিধি মোতাবেক রেজিস্ট্রেশন নবায়ন করে Online -এ ফরম পূরণ করবে তাদের নবায়নকৃত রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপির উপরাংশে প্রিন্টকপির ক্রমিক নাম্বার উল্লেখ করে প্রিন্টকপির সাথে উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

(ঘ) অন্য কলেজের রেজিস্ট্রেশনধারী যে সকল পরীক্ষার্থী Online - এ ফরম পূরণ করবে তাদের ছাড়পত্রের সত্যায়িত ফটোকপি, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি এবং ছাড়পত্র প্রদানের বিষয়ে বোর্ডের অনুমতিপত্রের সত্যায়িত ফটোকপির উপরাংশে প্রিন্টকপির ক্রমিক নাম্বার উল্লেখ করে প্রিন্টকপির সাথে উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

(ঙ) যে সকল পরীক্ষার্থী জিপিএ উন্নয়নের জন্য Online - এ ফরম পূরণ করবে তাদের ২০১৪ সালের একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপির উপরাংশে প্রিন্টকপির ক্রমিক নাম্বার উল্লেখ করে প্রিন্টকপির সাথে উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

২. **অনলাইনে ফরম পূরণে password এর ব্যবহার ঃ**প্রত্যেক কলেজ রেজিস্ট্রেশনের কাজে যে password ব্যবহার করেছে ২০১৫ সালের এইচএসসি পরীক্ষার eFF এর মাধ্যমে ফরম পূরণের কাজে সেই password টি ব্যবহার করতে হবে।

৩. **ফরম পূরণ, ফি এর ব্যাংক ড্রাফট ক্রয়, Download কৃত প্রিন্টকপি, ফি এর ব্যাংক ড্রাফট এবং অপরাপর কাগজপত্র দাখিলের তারিখ ঃ**

| | | |
|---|---|---|
| ক. | রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত (রিটেইন্ড) ও প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য সংশ্লিষ্ট/নির্ধারিত কলেজের অধ্যক্ষ বরাবরে সাদা কাগজে তালিকাভুক্তির আবেদনপত্র দাখিলের শেষ তারিখ | ১৫/১১/২০১৪ শনিবার |
| খ. | জিপিএ উন্নয়ন এবং এক বা দুই বিষয়ের পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থীদের নিজ নিজ কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে তালিকাভুক্তির আবেদনপত্র দাখিলের শেষ তারিখ | ১৫/১১/২০১৪ শনিবার |
| গ. | কলেজ কর্তৃক নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা গ্রহণসহ ফলাফল প্রকাশের শেষ তারিখ | ১১/১২/২০১৪ বৃহস্পতিবার |
| ঘ. | বিলম্ব ফি ছাড়া ব্যাংক ড্রাফট ক্রয়ের শেষ তারিখ | ২৮/১২/২০১৪ রবিবার |
| ঙ. | বিলম্ব ফি ছাড়া সকল ধরনের পরীক্ষার্থীদের প্রিন্টকপি, ফি এর ব্যাংক ড্রাফটসহ অন্যান্য কাগজপত্র বোর্ডে জমা দেওয়ার শেষ তারিখ | নিচে উল্লেখ করা হলো |
| | ফেনী, লক্ষ্মীপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল কলেজ এবং কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া, দেবিদ্বার, চান্দিনা, বরুড়া, দাউদকান্দি ও হোমনা উপজেলার আওতাধীন কলেজসমূহ | ২৯/১২/২০১৪ সোমবার |
| | নোয়াখালী ও চাঁদপুর জেলার সকল কলেজ এবং কুমিল্লা জেলার কুমিল্লা সদর, কুমিল্লা সদর দক্ষিণ, বুড়িচং, মুরাদনগর, নাঙ্গলকোট, চৌদ্দগ্রাম, লাকসাম, মনোহরগঞ্জ, তিতাস ও মেঘনা উপজেলার আওতাধীন কলেজসমূহ | ৩০/১২/২০১৪ মঙ্গলবার |
| চ. | পরীক্ষার্থী প্রতি ১৫০ (একশত পঞ্চাশ) টাকা হারে বিলম্ব ফিসহ ব্যাংক ড্রাফট ক্রয়ের শেষ তারিখ | ০৫/০১/২০১৫ সোমবার |
| ছ. | বিলম্ব ফিসহ সকল প্রকার পরীক্ষার্থীর স্বাক্ষরসহ প্রিন্টকপি, ফি এর ব্যাংক ড্রাফট এবং অন্যান্য কাগজপত্র বোর্ডে জমা দেওয়ার শেষ তারিখ | ০৬/০১/২০১৫ মঙ্গলবার |

উল্লিখিত সময়সূচি অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৪. সিলেবাস :

**পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে।**

চলমান পাতা-২

৬/১১/১৪

৫. **প্রাইভেট পরীক্ষা :**

ক. এসএসসি অথবা সমমানের পরীক্ষায় যারা ২০১১ অথবা তার আগে উত্তীর্ণ হয়েছে শুধু তারা প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে ২০১৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ. প্রাইভেট পরীক্ষার্থীদের ক্ষেত্রে পুলিশ, প্রতিরক্ষা বাহিনীর সদস্য (সেনাবাহিনী, বর্ডার গার্ড বাংলাদেশ) এবং একাধিক্রমে ৩ (তিন) বছর শিক্ষকতা পেশায়রত শিক্ষকগণ ছাড়া অন্যান্য সকল প্রাইভেট পরীক্ষার্থীকে অবশ্যই নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

গ. প্রাইভেট পরীক্ষার নিয়মাবলী, অনুমতি, রেজিস্ট্রেশন ফরম ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি বোর্ড অনুমোদিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পাওয়া যাবে। প্রাইভেট পরীক্ষার্থীকে নির্ধারিত যে কোন একটি কলেজ কেন্দ্রের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রাইভেট পরীক্ষার্থীগণ কেবলমাত্র মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে। মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় যে সকল বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে( তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতীত) সে সকল বিষয়ে ফরম পূরণ করতে পারবে না। প্রাইভেট পরীক্ষার্থীগণ **৪র্থ ঐচ্ছিক বিষয়ে** পরীক্ষার ফরম পূরণ করতে পারবে না।

৬. **জিপিএ উন্নয়ন :**

২০১৪ সালের এইচএসসি পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী জিপিএ ৫.০০ এর কম পেয়েছে শুধু সে সকল পরীক্ষার্থী জিপিএ উন্নয়নের জন্য রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০১৫ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ সকল পরীক্ষার্থীদেরকে বোর্ডের তালিকাভূক্তি ফিসহ যাবতীয় ফি এবং আবেদন ফরম কলেজ অধ্যক্ষের নিকট জমা দিতে হবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী কোন অবস্থাতেই কলেজ, কেন্দ্র ও বিষয় পরিবর্তন করতে পারবে না। ২০১৩ বা এর আগের এইচএসসি পরীক্ষায় এক বা দুই বিষয়ে (৪র্থ বিষয় ছাড়া) অকৃতকার্য পরীক্ষার্থী, যারা ২০১৪ এ আংশিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে কৃতকার্য হয়েছে তারা ২০১৫ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে না।

৭. **নির্বাচনী পরীক্ষা :**

ক. জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ছাড়া অন্যান্য সকল পরীক্ষার্থীর জন্য নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়।

খ. কোন পরীক্ষার্থী তার নিয়ন্ত্রণ বর্হিভূত কোন কারণ কিংবা শারীরিক অসুস্থতার জন্য নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে কিংবা নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ হলে, সংশ্লিষ্ট শিক্ষার্থীর অভিভাবকের লিখিত আবেদন ও শিক্ষার্থীর প্রাক-নির্বাচনী পরীক্ষার সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য মনোনীত করা যাবে।

গ. নির্বাচনী পরীক্ষার ফল প্রকাশের তারিখ থেকে ৩ (তিন) মাস পর্যন্ত নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র অধ্যক্ষের দায়িত্বে সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজনবোধে বোর্ডকে সরবরাহ করতে হবে।

৮. কোন ছাত্র-ছাত্রী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/ বিষয়সমূহে আবেদন ফরম পূরণ করতে পারবে না। রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/ বিষয়সমূহের আবেদন ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

৯. ২০১৫ সালের এইচএসসি পরীক্ষার প্রবেশপত্রে বিষয় সংশোধনের প্রয়োজন হলে, নিয়মিত পরীক্ষার্থীদের সংশোধিত রেজিস্ট্রেশন কার্ড এবং অনিয়মিত পরীক্ষার্থীদের সংশোধিত রেজিস্ট্রেশন কার্ড, আগের পরীক্ষার মূল ছকবিন্যাসপত্র ও অধ্যক্ষের সুপারিশসহ পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে আবেদন করতে হবে।

১০. বহিস্কৃত পরীক্ষার্থীগণ শাস্তির মেয়াদ উত্তীর্ণের আগে কোনক্রমেই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। বহিস্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ধরনের পরীক্ষার্থীদেরকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। **এ ক্ষেত্রে রেজিস্ট্রেশনের মেয়াদ না থাকলে মেয়াদ নবায়ন করা হবে না।**

১১. **এক বা দুই বিষয়ের পরীক্ষার্থী :**

ক. ২০১৪ সালের এইচএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যে সকল পরীক্ষার্থী ৪র্থ ঐচ্ছিক বিষয় ছাড়া অন্য এক বা দুই বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৫ এ অনুষ্ঠেয় এইচএসসি পরীক্ষায় শুধু উক্ত এক বা দুই বিষয়ে (উভয় পত্রে) পরীক্ষা দিতে পারবে। এ ধরনের পরীক্ষার্থীরা ইচ্ছা করলে ৪র্থ ঐচ্ছিক বিষয়সহ সকল বিষয়ে পরীক্ষা দিতে পারবে।

খ. যে সকল পরীক্ষার্থী ২০১২/২০১৩ সালের এইচএসসি পরীক্ষায় এক থেকে দুই বিষয়ে (৪র্থ বিষয় ছাড়া) অকৃতকার্য হয়ে ২০১৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৫ সালের এইচএসসি পরীক্ষায় উক্ত এক বা দুই বিষয়ে (৪র্থ বিষয় ছাড়া) অথবা সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ. যে সকল পরীক্ষার্থী ২০১২/২০১৩ সালের এইচএসসি পরীক্ষায় এক থেকে দুই বিষয়ে (৪র্থ বিষয় ছাড়া) অকৃতকার্য হয়ে ২০১৪ সালের এইচএসসি পরীক্ষায় পুনরায় অংশগ্রহণ করে উক্ত এক থেকে দুই বিষয়ে (৪র্থ বিষয় ছাড়া) পরীক্ষা দিয়ে আংশিক/ বিষয়সমূহে কৃতকার্য হয়েছে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৫ সালের এইচএসসি পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য বিষয়/ বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ. ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী, যাদের রেজিস্টেশনের মেয়াদ ২০১৪ এ শেষ হয়েছে, তাদের মধ্যে যারা ৪র্থ ঐচ্ছিক বিষয় ছাড়া শুধু এক বিষয়ে অকৃতকার্য হয়েছে এবং ২০১৪ এর প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা শুধু এক বিষয়ে অকৃতকার্য হয়েছে, তারা রেজিস্ট্রেশন নবায়নপূর্বক সেই এক বিষয়ে ২০১৫ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে (৪র্থ ঐচ্ছিক বিষয় ছাড়া) দুই বিষয়ে অকৃতকার্য কোন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নবায়ন করা হবে না এবং কোন অবস্থাতেই রেজিস্ট্রেশন পুনঃ নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। **রেজিস্ট্রেশন নবায়নের জন্য আবেদনপত্র ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফটসহ আগামী ১৭/১১/২০১৪ থেকে ২১/১১/২০১৪ তারিখের মধ্যে বোর্ডে জমা দিয়ে নবায়ন করে নিতে হবে। আবেদনপত্রের সাথে মূল রেজিঃ কার্ড, মূল প্রবেশপত্র এবং অংশগ্রহণকৃত সর্বশেষ পরীক্ষার ছকবিন্যাস পত্রের অধ্যক্ষের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।**

ঙ. যে সকল পরীক্ষার্থী ২০১৩ সালের এইচএসসি পরীক্ষায় এক বা দুই বিষয়ে অকৃতকার্য হয়ে ২০১৪ সালের এইচএসসি পরীক্ষায় ঐ এক বা দুই বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণকালে বহিস্কৃত বা রিপোর্টেড হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক যাদের ২০১৪ এর পরীক্ষা বাতিল হয়েছে, তাদের রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে ২০১৫ সালে অনুষ্ঠেয় এইচএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। রেজিস্ট্রেশনের মেয়াদ না থাকলে মেয়াদ নবায়ন করা হবে না।

চলমান পাতা - ৩

৬/১১/১৪

চ. যে সকল পরীক্ষার্থী ২০১৪ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ অথচ চতুর্থ বিষয়ে অকৃতকার্য রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকলেও তারা ২০১৫ সালের এইচএসসি পরীক্ষায় কেবল উক্ত চতুর্থ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

ছ. আংশিক বিষয়ে পরীক্ষার্থীগণ চতুর্থ ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

১২. **শ্রুতি লেখক (Scribe) নিয়োগ**

শারীরিক প্রতিবন্ধী ,অন্ধ বা দৃষ্টি প্রতিবন্ধী,শ্রবণ প্রতিবন্ধী ও লিখতে অক্ষম পরীক্ষার্থীর শ্রুতি লিখক (Scribe) দশম শ্রেণীর ছাত্র/ছাত্রীদের মধ্য হতে নির্বাচন করতে হবে। শ্রুতি লিখক (Scribe) হিসেবে নির্বাচিত ছাত্র/ছাত্রীর পূর্ণ বিবরণ (প্রধান শিক্ষক প্রদত্ত) ও দুই কপি সত্যায়িত ফটোসহ আবেদনপত্র সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য ০৩ ফেব্রুয়ারি ২০১৫ তারিখের মধ্যে সরাসরি বোর্ডে পৌছাতে হবে। কোন এসএসসি পরীক্ষার্থীকে শ্রুতি লিখক (Scribe) নির্বাচন করা যাবে না। এ ধরণের পরীক্ষার্থীর জন্য প্রয়োজনে পরীক্ষার নির্ধারিত সময়ের পরে অতিরিক্ত ২০ (কুড়ি) মিনিট সময় বৃদ্ধি করা যাবে।

১৩. **প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের নাম :**

| | | |
|---|---|---|
| ক. কুমিল্লা জেলা | : | কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা |
| খ. চাঁদপুর জেলা | : | চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর |
| গ. ব্রাহ্মণবাড়িয়া জেলা | : | ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া |
| ঘ. নোয়াখালী জেলা | : | ১. নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী<br>২. হাতিয়া দ্বীপ সরকারি কলেজ, হাতিয়া, নোয়াখালী |
| ঙ. ফেনী জেলা | : | ফেনী সরকারি কলেজ, ফেনী |
| চ. লক্ষ্মীপুর জেলা | : | লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর |

১৪. **বিভিন্ন প্রকার ফি এর হার (বোর্ডের প্রাপ্য) :**

| | | |
|---|---|---|
| ক. পরীক্ষা ফি প্রতি পরীক্ষার্থী (প্রতি পত্র) | : | ৭৫.০০ |
| খ. ব্যবহারিক পরীক্ষা ফি (প্রতি পত্র) | : | ৪০.০০ |
| গ. বিলম্ব ফি (প্রতি পরিক্ষার্থী) | : | ১৫০.০০ |
| ঘ. একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | : | ৫০.০০ |
| ঙ. জিপিএ উন্নয়ন অনুমতি ফি (প্রতি পরীক্ষার্থী) | : | ১৫০.০০ |
| চ. প্রাইভেট পরীক্ষার্থীদের তালিকাভুক্তি ও রেজিস্ট্রেশন ফি (প্রতি পরীক্ষার্থী) | : | ২০০.০০ |
| ছ. অনিয়মিত (রিটেনশন) ফি (প্রতি পরীক্ষার্থী) | : | ১৫০.০০ |
| জ. মূল সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | : | ১০০.০০ |
| ঝ. রোভার স্কাউট ফি / গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) | : | ১৫.০০ |
| ঞ. জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী) | : | ৫.০০ |
| ট. ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী) | : | ৫.০০ |
| ঠ. কেন্দ্র নবায়ন ফি (শুধুমাত্র কেন্দ্র কলেজ) | : | ১,০০০.০০ |
| ড. রেড ক্রিসেন্ট ফি (নিয়মিত প্রতি পরীক্ষার্থী) | : | ১৫.০০ |
| ঢ. বিশেষ অনুমতি ফি : প্রতি পরীক্ষার্থী (যার বেলায় প্রযোজ্য) | : | ৩০০.০০ |

**বিশেষ দ্রষ্টব্য :** জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ছাড়া অন্য যে সকল পরীক্ষার্থী ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণের জন্য অন্তর্ভুক্তি ফরম পূরণ এবং সনদ ফি প্রদান করেছিল, ২০১৫ সালের পরীক্ষায় অংশগ্রহণের জন্য তাদেরকে সনদ ফি প্রদান করতে হবে না।

১৫. (ক) **প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা ফি (কলেজের প্রাপ্য) :**

| | | |
|---|---|---|
| ১. যাদের নির্বাচনী পরীক্ষা আছে (প্রতি পরীক্ষার্থী) | : | ১৫০.০০ |
| ২. যাদের নির্বাচনী পরীক্ষা নেই (যেমন : দৃষ্টি প্রতিবন্ধী,সেরিব্রাল পালসি জনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী, শিক্ষক, পুলিশ, মিলিটারী) তাদের জন্য ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী) | : | ১০০.০০ |

(খ) **কেন্দ্র ফি (কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে দিতে হবে) :**

| | | |
|---|---|---|
| ১. সকল ধরণের পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই (প্রতি পরীক্ষার্থী) | : | ৩০০.০০ |
| ২. সকল ধরণের পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে (প্রতি পরীক্ষার্থী) | : | ৩০০.০০ + ব্যবহারিক প্রতি পত্রে ২৫.০০ টাকা হারে। |

**(গ) আদায়কৃত কেন্দ্র ফি (ব্যবহারিক ফি ব্যতীত) হতে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের/ভেন্যুর ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। ভেন্যু কেন্দ্রের পরীক্ষা পরিচালনার সকল প্রকার ব্যয়ভার মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বহন করবে।**

১৬. **পরীক্ষার ফি (ডিডি),প্রিন্ট আউট কপি ও অন্যান্য কাগজপত্র জমা ঃ**

ক) পরীক্ষার ফি (ডিডি), প্রিন্ট আউট কপি ও অন্যান্য কাগজপত্র নির্ধারিত তারিখে নিশ্চিতভাবে বোর্ডে জমা দেয়ার জন্য অধ্যক্ষ বা তাঁর প্রাধিকার প্রাপ্ত শিক্ষক (নমুনা স্বাক্ষর সত্যায়িত সহ) প্রতিনিধি মারফত বোর্ডে প্রেরণ করতে হবে।নির্ধারিত তারিখের পূর্বে বা পরে পরীক্ষার ফি(ডিডি),প্রিন্ট আউট কপি ও অন্যান্য কাগজপত্র জমা দেয়া যাবে না।

খ) কুমিল্লা শিক্ষাবোর্ডের সচিবের অনুকূলে গৃহীত সোনালী ব্যাংকের যে কোন শাখার ডিডি পরীক্ষার ফি হিসেবে গ্রহণ করা হবে। গৃহীত ফি কোনক্রমেই ফেরতযোগ্য নয়। ডিডি ক্রয়ের পূর্বে কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েব সাইটে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের password ব্যবহার করে পরীক্ষার্থীদের ফরম পূরণের ফি বাবদ চাহিদাপত্র বা পে-স্লিপ সংগ্রহ করে চাহিদা মোতাবেক ডিডি ক্রয় করতে হবে এবং ডিডি জমা দেয়ার সময় পে-স্লিপ এর এক কপি হিসাব জমা শাখায় এবং মূল কপি উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

চলমান পাতা - ৪

গ) পরীক্ষার ফি নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, টিটি, সিকিউরিটি ডিপোজিট রসিদ অথবা ট্রেজারী চালানের মাধ্যমে দেয়া যাবে না।

ঘ) কোন অবস্থাতেই ব্যাংক ড্রাফট (ডিডি), প্রিন্ট আউট কপি ও অন্যান্য কাগজপত্র ডাকযোগে পাঠানো যাবে না।

১৭. পরীক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে জানানো যাচ্ছে, ২০১৪ সালের এইচএসসি পরীক্ষার মতো ২০১৫ সালে কোন পরীক্ষার্থীর পরীক্ষা নিজ কলেজে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করা হবে।

১৮. **ইংরেজি মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ ঃ** যে সকল কলেজে ইংরেজি মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থী রয়েছে তাদের তালিকা বিজ্ঞপ্তি প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে নিচের ছক মোতাবেক উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) - এর নিকট হাতে হাতে জমা দিতে হবে। বোর্ডে জমা দেয়ার প্রমাণ স্বরূপ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) কর্তৃক গৃহীত এক কপি কলেজে সংরক্ষণ করতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি মাধ্যমে পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

| কেন্দ্রের নাম | কেন্দ্র কোড | শাখা | বিষয় ও বিষয় কোড | পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| | | | | |

১৯. যে সকল কেন্দ্রে কোন শিক্ষকের ছেলে/মেয়ে/পোষ্য ২০১৫ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে ঐ সকল কেন্দ্রে সংশ্লিষ্ট শিক্ষক পরীক্ষা সংক্রান্ত কোন দায়িত্ব পালন করতে পারবেন না।

২০. প্রতিটি কলেজের নিজস্ব প্যাড- এ E-mail Address এবং অধ্যক্ষের মোবাইল নম্বর দিতে হবে।

২১. **ফরম পূরণের বিশেষ সতর্কতা অবলম্বন :** কোন প্রতিষ্ঠানে একই নামের দুই বা ততোধিক শিক্ষার্থী থাকতে পারে। তাদের ফরমপূরণের ক্ষেত্রে নাম, পিতা ও মাতার নাম, জন্মতারিখ এবং বিশেষ করে রেজিস্ট্রেশন নম্বর ভালভাবে যাচাই-বাছাই করে ফরমপূরণের কাজ সম্পন্ন করতে হবে। যাতে পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক কোন ছাত্র/ছাত্রী ফরম পূরণ কার্যক্রম থেকে বাদ পড়ে না যায়।

২২. **বোর্ডের গোপনীয় শাখা থেকে পরীক্ষক, প্রধান পরীক্ষকদের সম্ভাব্য তালিকা (প্রিন্টআউট কপি) গ্রহণ ও জমাদান ঃ**

| জেলা/উপজেলার নাম | পরীক্ষক ও প্রধান পরীক্ষকদের সম্ভাব্য তালিকা (প্রিন্টআউট কপি) গ্রহণের তারিখ | পরীক্ষক ও প্রধান পরীক্ষকদের সংশোধিত সম্ভাব্য তালিকা (প্রিন্টআউট কপি) জমা দেয়ার তারিখ |
|---|---|---|
| ফেনী, লক্ষ্মীপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল কলেজ এবং কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া, দেবিদ্বার, চান্দিনা, বরুড়া, দাউদকান্দি ও হোমনা উপজেলার আওতাধীন কলেজসমূহ | ২৯-১২-২০১৪ | ০৬-০১-২০১৫ তারিখের মধ্যে |
| নোয়াখালী ও চাঁদপুর জেলার সকল কলেজ এবং কুমিল্লা জেলার কুমিল্লা সদর, কুমিল্লা সদর দক্ষিণ, বুড়িচং, মুরাদনগর, নাঙ্গলকোট, চৌদ্দগ্রাম, লাকসাম, মনোহরগঞ্জ, তিতাস ও মেঘনা উপজেলার আওতাধীন কলেজসমূহ | ৩০-১২-২০১৪ | ০৬-০১-২০১৫ তারিখের মধ্যে |

২৩. শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক এইচএসসি পরীক্ষার ফরম পূরণে বোর্ড নির্ধারিত ফি ছাড়া অন্য কোন অর্থ আদায় করা যাবে না। কলেজসমূহ শিক্ষার্থীদের পরীক্ষায় অধিকতর সফলতা অর্জনে সহায়তার লক্ষ্যে স্ব-স্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক বিষয়ভিত্তিক মডেল টেস্ট গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে পারে। তবে, এজন্য অতিরিক্ত কোন ফি ধার্য বা আদায় করা যাবে না। কলেজের প্রাপ্য বকেয়া বেতন ও অন্যান্য ফি নির্বাচনী পরীক্ষার সময় আদায় করে নিতে হবে।

(কায়সার আহমেদ) ৬/১১/১৪
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬১৭২

স্মারক নং ঃ উমা/পরী/ বিজ্ঞপ্তি/৭০/২০১৪/৪১২(৭০০)
তারিখ ঃ ০৬ নভেম্বর ২০১৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো (ক্রম জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা/ রাজশাহী/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/মাদরাসা শিক্ষাবোর্ড।
০৫. জেলা প্রশাসক, কুমিল্লা/ চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর জেলা।
০৬. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/মাদ্রাসা শিক্ষাবোর্ড।
০৭. এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল কলেজের অধ্যক্ষ।
০৮. কুমিল্লা/ চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার।
০৯. এ বোর্ডের হিসাবরক্ষণ অফিসার। পরীক্ষার্থীদের ফি উল্লিখিত তারিখ ও পদ্ধতিতে জমা রাখার জন্য অনুরোধ করা হলো। জমা রাখার সময় বোর্ডের ওয়েব সাইট থেকে প্রাপ্ত পে-স্লিপের ছায়া কপির সাথে জমাকৃত ডিডি এর টাকা মিলিয়ে রসিদ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১০. এ বোর্ডের কর্মকর্তাবৃন্দ।
১১. এ বোর্ডের সেকশন অফিসারবৃন্দ।
১২. ম্যানেজার, সোনালী ব্যাংক, বিআইএসই বিল্ডিং শাখা, লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা।
১৩. এ বোর্ডের হিসাব (জমা) শাখার সহকারীবৃন্দ।
১৪. এ বোর্ডের অনুসন্ধান শাখা।
১৫. এ বোর্ডের বিজ্ঞপ্তি ফলক ও এ বোর্ডের ওয়েব সাইট
১৬. সংশ্লিষ্ট নথি।

৬/১১/১৪
(নিখিল চন্দ্র রায়)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১- ৭৬৪৩৭